

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাউবিশিস)
BANGLADESH OPEN UNIVERSITY TEACHERS' ASSOCIATION (BOUTA)
কার্যনির্বাহী পরিষদ - ২০২৪

সভাপতি
ড. কে. এম. রেজানুর রহমান

সাধারণ সম্পাদক
ড. মোঃ শহীদুর রহমান

সহ-সভাপতি

ড. মোহাম্মদ আব্দুল হামিদ

কোষাধ্যক্ষ

মোঃ শেখ ফরিদ

যুগ্ম সম্পাদক

রুবায়েয়া রহমান

সাংস্কৃতিক সম্পাদক

নূর মোহাম্মদ

কার্যনির্বাহী পরিষদ সদস্য

মোঃ আনোয়ারুল ইসলাম
(এসওই)

ড. মোঃ ইকবাল হুসাইন

ড. মোঃ আব্দুস সাত্তার

মোঃ আনোয়ারুল ইসলাম
(ওএস)

মোঃ কায়েস বিন রহমান

মোঃ মশিউর রহমান

আশিক বিশ্বাস

এস.এম. ইকরামুল ইসলাম
রাসেল

মোঃ মাহমুদুল হাসান

প্রেস রিলিজ

০৭ জুলাই ২০২৪

বাউবিতে সর্বাঙ্গিক কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি

বিশ্ববিদ্যালয়ের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পেনশন সংক্রান্ত প্রত্যয় স্কিম প্রজ্ঞাপন প্রত্যাহার, সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তকরণ এবং উচ্চতর স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনের দাবিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহবানে ১ লা জুলাই ২০২৪ থেকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে একযোগে সর্বাঙ্গিক কর্মবিরতি ও প্রতিদিন ১ ঘণ্টার (দুপুর ১২:০০ টা থেকে দুপুর ১:০০ টা) অবস্থান কর্মসূচি পালন করছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাউবির সর্ব স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ আজ ৭ জুলাই ২০২৪ রবিবার স্বতঃস্ফূর্তভাবে সর্বাঙ্গিক কর্মবিরতি ও এক ঘণ্টার অবস্থান কর্মসূচি পালন করে। কর্মসূচিতে বক্তব্য রাখেন বাউবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমান, অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম, অধ্যাপক ড. ইকবাল হুসাইন, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক ড. আনিস রহমান, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষক মোঃ মশিউর রহমান, স্কুল অব বিজনেসের শিক্ষক কায়েস বিন রহমান ও কম্পিউটার অপারেটর দেলোয়ার হোসেন।



কর্মসূচিসমূহের মধ্যে রয়েছে-

১. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মদিবসে কিংবা সাপ্তাহিক ছুটির দিনে অনুষ্ঠিত উচ্চ শিক্ষা পর্যায়ের সকল ক্লাস (অনলাইন ও অফলাইন) বন্ধ থাকবে।
২. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সকল ধরনের উচ্চ শিক্ষা কার্যক্রমের পরীক্ষা (অনলাইন ও অফলাইন মিডটার্ম, ধারাবাহিক মূল্যায়ন, ফাইনাল পরীক্ষা ও ভর্তি সংক্রান্ত সকল পরীক্ষা) বন্ধ থাকবে। শিক্ষকমণ্ডলী পরীক্ষা সংক্রান্ত কোনো দায়িত্ব পালন করবেন না।
৩. যে সকল শিক্ষক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক, প্রশাসনিক ও পরীক্ষার দায়িত্বে আছেন তারা দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন।
৪. সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত স্কুলের অফিস, সেমিনার, ওয়ার্কশপ, কম্পিউটার ল্যাব ও গবেষণাগার বন্ধ রাখবেন। কারিকুলাম কমিটি, স্কুল কমিটি ও পরীক্ষা কমিটিসহ অন্যান্য যেকোনো কমিটির সভা অনুষ্ঠিত হবে না।
৫. স্কুলের ডিনবৃন্দ ডিন অফিসের সকল কর্মকাণ্ড বন্ধ রাখবেন।
৬. বিভিন্ন ধরনের বোর্ডের সভা অনুষ্ঠিত হবে না।

এই সর্বাঙ্গিক আন্দোলনের কর্মসূচিসমূহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের আত্মসম্মান ও মর্যাদা রক্ষার আন্দোলন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা ও জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার অন্যতম কারিগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজ। তাই বাউবি শিক্ষক সমিতি ঘোষিত দাবিসমূহ অবিলম্বে বাস্তবায়নের জোর দাবি জানাচ্ছে।

০৭.০৭.২০২৪

মোহাম্মদ আব্দুল হামিদ পিএইচডি
সভাপতি (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

০৭.৭.২০২৪

মোঃ শহীদুর রহমান পিএইচডি

সাধারণ সম্পাদক, বাউবিশিস ২০২৪